



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

বাংলা বিভাগের উদ্যোগে বসন্তোৎসব ১৪২৪ উদযাপিত



স্পর্শ, গন্ধ, বর্ণ, শব্দ, ছন্দ ও তানে ফাগুন যে আজ এসেছে ভুবনে। ফুল ফুটুক আর না ফুটুক, আজ বসন্ত। এই ঋতুরাজ বসন্তকে বরণ উপলক্ষে ১ ফাল্গুন-১৪২৩/১৩ ফেব্রুয়ারি ২০১৮, মঙ্গলবার, সকাল ১১টায় বাংলা বিভাগের উদ্যোগে 'বসন্তোৎসব ১৪২৪' উদ্যাপন অনুষ্ঠান ভাষা শহীদ রফিক ভবন প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান অনুষ্ঠানের শুভ উদ্বোধন ঘোষণা করেন।

বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আরজুমন্দ আরা বানু-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে ট্রেজারার অধ্যাপক ড. সেলিম ভূঁইয়া ও কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আতিয়ার রহমান বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন বাংলা বিভাগের সাংস্কৃতিক কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. পারভীন আক্তার জেমী।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



এছাড়াও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, নৃত্য, গান ও আবৃত্তি পরিবেশনার মধ্য দিয়ে বসন্ত বরণ উদযাপিত হয়। অনুষ্ঠানটি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারী উপভোগ করেন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের উদ্যোগে বসন্ত বরণ ১৪২৪ উদযাপিত



ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের উদ্যোগে নানা ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে বসন্ত বরণ ১৪২৪ ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগে উদযাপিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এবং বিশেষ অতিথি হিসেবে ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মনিরুজ্জামান উপস্থিত ছিলেন। এসময় অনুষ্ঠানে গবেষণা দপ্তরের পরিচালক অধ্যাপক ড. এ. কে. এম. মনিরুজ্জামান, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।